

# যুগ্মাত্য

## চট্টগ্রামে ২ কলেজে ছাত্রলীগের সংঘর্ষ : ছুরিকাহত ৪

প্রকাশ : ০২ জুলাই ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 চট্টগ্রাম ব্যৱো

চট্টগ্রামে দুটি কলেজে নবীনবরণ অনুষ্ঠান ঘিরে ছাত্রলীগের বিবদমান গ্রহণের মধ্যে সংঘর্ষ হয়েছে। সংঘর্ষের সময় ছুরিকাঘাতে চারজন আহত হয়েছেন। রোববার দুপুরে নগরীর শহীদ এনএমএমজে কলেজ ও বাকলিয়া সরকারি কলেজে এ সংঘর্ষ হয়। কলেজ সূত্রে জানা যায়, রোববার দুপুরে বাকলিয়া শহীদ এনএমএমজে কলেজে ছাত্রলীগের দু'গ্রহণের মধ্যে সংঘর্ষ বাধে। এতে কলেজ ছাত্রলীগের যুগ্ম আহ্বায়ক রকি ভট্টাচার্য (২২) ও তাজবীর (২০) নামে একজন আহত হন। তাদের চট্টগ্রাম মেডিকেল কলেজ (চমেক) হাসপাতালে ভর্তি করা হয়েছে। কলেজে একাদশ শ্রেণীর শিক্ষার্থীদের ওরিয়েটেশন ক্লাসে আধিপত্য বিস্তার নিয়ে এ সংঘর্ষের ঘটনা ঘটে। আহত রকি ভট্টাচার্য জানান, সকালে কলেজে প্রবেশ করার সময় আজমিরের নেতৃত্বে ছাত্রলীগের একটি গ্রহণ তাকে বাধা দেয়। এ নিয়ে তাদের মধ্যে কথা কাটাকাটি হয়। একপর্যায়ে আজমির, নাছির, মানিক, পলাশ তাকে ছুরিকাঘাত করে। এতে রকি পেটে, মাথায় ও পিঠে আঘাত পান। একই ঘটনায় তাজবীর নামে অপর এক ছাত্রলীগ কর্মী ছুরিকাঘাতে আহত হন। অন্যদিকে বাকলিয়া সরকারি কলেজেও নবীনবরণ নিয়ে ছাত্রলীগের দুই গ্রহণের মধ্যে সংঘর্ষ হয়। এতে কলেজ ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক আনিসুল ইসলাম বেলাল ও পিয়াস দাশ আহত হন। তাদের চমেক হাসপাতালের ক্যাজুয়ালিটি বিভাগে ভর্তি করা হয়েছে। আনিসুল ইসলাম বলেন, সকালে নবীনদের বরণ করতে কলেজে গেলে বহিরাগত লিটন ও মনিরসহ তাদের গ্রহণের কয়েকজন আমাকে বাধা দেয়। এ নিয়ে কথাকাটাকাটি থেকে তারা আমাকে ও পিয়াসকে ছুরিকাঘাত করে। বাকলিয়া থানার ওসি প্রশংসন চৌধুরী যুগান্তরকে বলেন, কেউ ছুরিকাঘাতে আহত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছে এরকম কোনো খবর পাইনি। কেউ থানায় অভিযোগও দেয়নি।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার  
বেআইনি।